

শিক্ষার অবকাঠামো তৈরিতে মানের সঙ্গে আপস করার সুযোগ নেই- শিক্ষামন্ত্রী ডা.দীপু মনি

ঢাকা, ৩ নভেম্বর ২০২২

শিক্ষামন্ত্রী ডা দীপু মনি বলেছেন, শিক্ষার অবকাঠামো তৈরিতে গুনগত মানের সঙ্গে আপস করার সুযোগ নেই। সেই সঙ্গে কোথাও যেন অর্থের অপচয় না হয় সেদিকেও খেয়াল রাখতে হবে।

রাজধানীর কাকরাইলের ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি)

মিলনায়তনে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নব নিয়োগ প্রাপ্ত উপ সহকারি প্রকৌশলীদের (সিভিল)

দিনব্যাপী ওরিয়েন্টেশনের

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

শিক্ষা সচিব আবু বকর ছিদ্দীকের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মো. দেলোয়ার হোসেন মজুমদার।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, জাতির পিতার নেতৃত্বে অনেক ত্যাগের বিনিময়ে, ৩০ লক্ষ মানুষের আত্মহত্যার মাধ্যমে আমরা স্বাধীন বাংলাদেশ পেয়েছি। পৃথিবীতে স্বাধীনতার ইতিহাসে এত রক্ত দানের ইতিহাস বিরল। এই স্বাধীন দেশটির এগিয়ে যাবার মূল হাতিয়ার হলো শিক্ষা। আর সেই শিক্ষার অবকাঠামো তৈরি করেন আপনারা (শিক্ষা প্রকৌশলীরা)। কাজেই সেখানে গুনগত মানের সঙ্গে আপস করার কোন সুযোগ নেই। শিক্ষার উন্নয়নের মাধ্যমেই সম্ভব দক্ষ, যোগ্য, সৃজনশীল এবং মানবিক মানুষ গড়ে তোলা। শিক্ষার মাধ্যমে উন্নত, সমৃদ্ধ, সুখীময় বাংলাদেশ অর্থাৎ বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ আমরা গড়ে তুলতে পারব।

শিক্ষা মন্ত্রী আরো বলেন, গুনগত মান নিয়ে অনেক সময় পত্রিকায় সংবাদ আসে। সেই সংবাদে আমরা দেখি যে মানের সঙ্গে একটা আপস করে ফেলা হয়েছে নানান কারণে। এটা করা যাবে না। সততার সঙ্গে, স্বচ্ছতার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে।

শিক্ষা উপমন্ত্রী বলেন জীবনটা সাদা কালো নয়। সব কিছু সমন্বয় করে সঠিক সময়ে কর্ম সম্পাদন করাই দক্ষতা।

এম এ খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়